গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফেনী সদর, ফেনী।
www.sadar.feni.gov.bd

স্মারক নম্বর : ৪১.০১.৩০০০.০৪১.১৬.০২২.২২. ১১৭

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬-এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা - ২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১ আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে ফেনী পৌরসভায় তথ্য সংগ্রহের জন্য তথ্য "সংগ্রহকারী" ও "সুপারভাইজার" স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১. | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স : ১৮- ৪০ বছর<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো ধারণা আছে।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ)শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ)পূর্বে বিবিএস জরিপ কাজের অভিজ্ঞতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী /আধা-সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ)ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমানক সংযুক্ত করতে হবে। |
| **ক্র. নং** | **পদের ধরণ** | **আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব:** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| ০২. | সুপারভাইজার | ক) ট্যাবলেট ও অ্যাপ সমস্যার তাৎক্ষণিক সমাধান<br>খ) ন্যূনতম ব্যাচলর ডিগ্রী বা সমমান পাস;<br>গ) বয়স : ২৫ -৪৫ বছর<br>ঘ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+নম্বর<br>ঙ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>চ)দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগ দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারিরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকা ৫-১০% পরিবার পুনরায় যাচাই ( Re-Check)<br>গ)সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী /আধা-সরকারীসংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ)ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমানক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান :** আগ্রহী প্রার্থীরা নিম্নোক্ত যেকোনো স্থান থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন: শহর সমাজসেবা কার্যালয়, ফেনী ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

**অনলাইন/ওয়েবসাইট :** ফরম ডাউনলোডের সরাসরি লিংক : https://ucdo.feni.gov.bd

**আবেদন ফরম দাখিলের স্থান :** শহর সমাজসেবা কার্যালয়, ফেনী

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিল তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় ও স্থান |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০টা | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০টা | ২৫/০৭/২০২৬ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকা ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফেনী সদর, ফেনী। |

**তথ্য সংগ্রহকারীদের পালনীয় নির্দেশাবলী ও শর্তাবলী :**

১. শুমারি চলাকালীন নির্ধারিত এলাকায় প্রতিদিন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত ও নির্ভুলভাবে তথ্য সংগ্রহ করতে হবে।
২. ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩. তথ্য প্রযুক্তি ও ডিজিটাল ডিভাইস পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।
৪. তথ্য সংগ্রহের কার্যক্রমে কোনো প্রকার অবহেলা বা গাফিলতি করা যাবে না।
৫. কোনো অবস্থাতেই ভুল বা অসত্য তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬. সংগৃহীত যাবতীয় তথ্যের পূর্ণ গোপনীয়তা রক্ষা করা কঠোরভাবে বাধ্যতামূলক।
৭. বরাদ্দকৃত ট্যাবলেট (Tablet) অত্যন্ত সযত্নে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ করতে হবে। অবহেলাজনিত কারণে ডিভাইসের কোনো ক্ষতি হলে বা হারিয়ে গেলে উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হবে।
৮. কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা কোনো প্রকার ভয়ভীতি প্রদর্শন করা সম্পূর্ণ নিষিদ্ধ।
৯. ইচ্ছাকৃত জালিয়াতি, অসদুপায় বা অনিয়মের আশ্রয় নিলে প্রাপ্য সম্মানী বাতিলসহ প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১/০৭/২০২৬

( সুলতানা নাসরিন কান্তা )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ফেনী পৌরসভা , ফেনী ।

স্মারক নম্বর : ৪১.০১.৩০০০.০৪১.১৬.০২২.২২.

তারিখ : ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি (সদয় অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো - জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় সংসদ সদস্য, ২৬৬ ফেনী-২ (ফেনী সদর)।
২. জেলা প্রশাসক, ফেনী।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফেনী।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ফেনী সদর, ফেনী।
৫. প্রশাসক, ফেনী পৌরসভা, ফেনী সদর, ফেনী।
৬. সহকারী কমিশনার (ভূমি), ফেনী সদর, ফেনী।
৭. অফিসার ইনচার্জ, ফেনী মডেল থানা, ফেনী।
৮. সদস্য (সকল), ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, ফেনী সদর, ফেনী।
৯. সদস্য (সকল), ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, ফেনী সদর, ফেনী।
১০. উপজেলা ............................................................ কর্মকর্তা (সকল), ফেনী সদর, ফেনী।
১১. সংরক্ষিত আসন ও সাধারণ কাউন্সিলর/সদস্য (সকল), ফেনী পৌরসভা, ফেনী।
১২. জনাব ..................................................................................................................।
১৩. অফিস কপি/সংরক্ষণ নথি।

২১/৭/২৬

(মোহাম্মদ আইনুল হোসাইন জিলানী)
সমাজসেবা অফিসার ( অতি. দা. )
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ফেনী পৌরসভা , ফেনী।